ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৩৮০

আগরতলা,২১ আগস্ট,২০২৬

# পশ্চিম জেলার বিভিন্ন হোমের কৃতি ছাত্রী সংবর্ধনা

পশ্চিম ত্রিপুরা জেলা উইমেন্স এমপাওয়ারমেন্ট হাবের উদ্যোগে আজ পশ্চিম জেলার জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে জেলার বিভিন্ন হোমের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে কৃতিত্বের সাথে উত্তীর্ণ ছাত্রীদের কৃতি সংবর্ধনা দেওয়া হয়। এই সংবর্ধনা অনুষ্ঠানের উদ্বোধন করেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল। সভাধিপতি হোমের ছাত্রীদের উদ্দেশ্যে বলেন, হোমের ছাত্রছাত্রীদের কখনও নিজেদের একা ভাবার কারণ নেই। তাদের পাশে সবসময় সরকার রয়েছে। পড়াশুনা, উচ্চশিক্ষা বা ভবিষ্যতে রাজ্যের বাইরে গিয়েও যদি কেউ পড়াশুনা করতে চায় সেক্ষেত্রেও সরকার সর্বদা সহযোগিতার হাত বাড়িয়ে দেবে। তিনি ছাত্রীদের পড়াশুনার পাশাপাশি খেলাধুলা, নাচগান ও অন্যান্য বিভিন্ন সাংস্কৃতিক কর্মসূচিতেও অংশ নিতে পরামর্শ দেন। তিনি বলেন, আজকের এই অনুষ্ঠানের মূল লক্ষ্য হলো, হোমের ছাত্রীদের পড়াশুনায় আরও উৎসাহিত করা এবং তাদের উচ্চশিক্ষা গ্রহণে সাফল্য অর্জনে অনুপ্রাণিত করা। তিনি হোমের সকল ছাত্রীদের উজ্জ্বল ভবিষ্যৎ ও সাফল্য কামনা করেন।

অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন পশ্চিম জেলার অতিরিক্ত জেলাশাসক অসিত কুমার দাস এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহঅধিকর্তা অমৃত দেববর্মা। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পশ্চিম জেলা সমাজশিক্ষা পরিদর্শক দীপকলাল সাহা। অনুষ্ঠানে জেলার ১৯টি চাইল্ড কেয়ার প্রতিষ্ঠানের ২২ জন ছাত্রীকে বেটি বাঁচাও বেটি পড়াও প্রকল্পে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে প্রথম ও দ্বিতীয় বিভাগে সাফল্যের সাথে উত্তীর্ণ হওয়ার জন্য সংবর্ধনা দেওয়া হয়। মঞ্চে উপবিষ্ট অতিথিগণ পুরস্কার হিসেবে তাদের হাতে ১টি করে ব্যাগ এবং ১ হাজার টাকার চেক তুলে দেন। এই ২২ জন ছাত্রছাত্রীর মধ্যে ১২ জন উচ্চমাধ্যমিকে এবং ১০ জন ছাত্রী মাধ্যমিকে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে।

অনুষ্ঠানে জিলা পরিষদের বিভিন্ন স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য সদস্যাগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল হোমের ছাত্রীদের সাথে মতবিনিময় করেন।

*****